05 FEB 1988

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

## ১৯৮৮ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার

# সময়সূচী

বিজ্ঞপ্তি নং পরী-মাধ্য/বিজ্ঞ-১/৮৮/মাধ্য-১১১ তারিখ-২৩/১/৮৮ ইং

| বিষয় ও সময় সকাল ১০টা হইতে বিকাল ১টা পর্যন্ত | দিন ও তারিখ | বিষয় ও সময় বিকাল ২টা হইতে বিকাল ৫টা পর্যন্ত |
|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক)-১ম পত্র<br>২। বাংলা বিকল্প সহজ পাঠ-১ম পত্র<br>৩। বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা-ভাষায় প্রাথমিক জ্ঞান-১ম পত্র | বৃহস্পতিবার ১৭/৩/৮৮ | ১। বাংলা (আবশ্যিক)-২য় পত্র<br>২। বাংলা বিকল্প সহজ পাঠ-২য় পত্র<br>৩। বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষায় প্রাথমিক জ্ঞান-২য় পত্র |
| ১। ফার্সী | শনিবার ১৯/৩/৮৮ | ১। ললিত কলা |
| ১। ইংরেজী (আবশ্যিক) ১ম পত্র | রবিবার ২০/৩/৮৮ | ১। ইংরেজী (আবশ্যিক) ২য় পত্র |
| ১। উচ্চতর ইংরেজী | সোমবার ২১/৩/৮৮ | ১। উচ্চতর বাংলা |
| ১। গণিত | মঙ্গলবার ২২/৩/৮৮ | ১। গৃহ নির্মাণ |
| ১। টাইপ লিখন | বুধবার ২৩/৩/৮৮ | ১। কাঠের কাজ |
| ১। ভূগোল | বৃহস্পতিবার ২৪/৩/৮৮ | ১। বস্ত্র পরিচ্ছদ |
| ১। সাধারণ বিজ্ঞান (সমন্বিত) ১ম পত্র | রবিবার ২৭/৩/৮৮ | ১। সমাজ বিজ্ঞান (ইতিহাস) ১ম পত্র |
| ১। গৃহ পরিচালনা ও পারিবারিক জীবন | সোমবার ২৮/৩/৮৮ | ১। সংস্কৃত/আরবী/উর্দু/পালি |
| ১। সাধারণ বিজ্ঞান (সমন্বিত) ২য় পত্র | মঙ্গলবার ২৯/৩/৮৮ | ১। সমাজ বিজ্ঞান (অর্থনীতি ও পৌরনীতি) ২য় পত্র |
| ১। জ্যামিতি ও কারিগরি অংকন | বুধবার ৩০/৩/৮৮ | ১। লোহা-লক্কড়ের কাজ |
| ১। খাদ্য ও পরিপুষ্টি | বৃহস্পতিবার ৩১/৩/৮৮ | ১। বাণিজ্যিক ভূগোল |
| ১। উচ্চতর গণিত | শনিবার ২/৪/৮৮ | ১। সংগীত |
| ১। বিজ্ঞান (কলা শাখার জন্য) | সোমবার ৪/৪/৮৮ | ১। ব্যবসা পদ্ধতি ও বাণিজ্য লিপি |
| ১। ইসলাম ধর্ম | মঙ্গলবার ৫/৪/৮৮ | ১। হিন্দু ধর্ম/বৌদ্ধ ধর্ম/খৃষ্টান ধর্ম |
| ১। বাণিজ্যিক গণিত ও হিসাবরক্ষণ | বুধবার ৬/৪/৮৮ | ১। ফলিত বিদ্যুৎ শক্তি |

## বিশেষ নির্দেশাবলী :

১। সময় কাল : প্রশ্নপত্রে উল্লিখিত সময়ানুযায়ী পরীক্ষা গৃহীত হইবে।

২। ১) সাধারণ বিজ্ঞান ১ম পত্র, ২) সাধারণ বিজ্ঞান ২য় পত্র, ৩) খাদ্য ও পরিপুষ্টি, ৪) বস্ত্র ও পরিচ্ছদ, ৫) লোহা-লক্কড়ের কাজ, ৬) কাঠের কাজ, ৭) ফলিত বিদ্যুৎ শক্তি বিষয়গুলির ব্যবহারিক পরীক্ষা সকল অনুমোদিত পরীক্ষাকেন্দ্রে ৯-৪-৮৮ তারিখ হইতে আরম্ভ হইবে।

৩। ৯-৪-৮৮ তারিখ অনুষ্ঠিতব্য স্ব স্ব কেন্দ্রের ব্যবহারিক পরীক্ষার বিস্তারিত সময়সূচী সংশ্লিষ্ট কেন্দ্রের সচিবগণ যথাসময়ে তাহাদের কেন্দ্রের বিজ্ঞপ্তি ফলকের মাধ্যমে ঘোষণা করিবেন।

ক) কেন্দ্রের সচিবগণকে ব্যবহারিক পরীক্ষা পরিচালনার জন্য প্রয়োজনীয় যন্ত্র ও সরঞ্জামাদি তাহাদের স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে প্রস্তুত রাখিবার জন্য অনুরোধ করা যাইতেছে। ব্যবহারিক পরীক্ষা প্রতিদিন ৩ দফায় (Shift) গ্রহণ করিতে হইবে। প্রতি দফায় (Shift) ২০-২৫ জন করিয়া পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করিবে। ব্যবহারিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের নিকট হইতে বিষয় ও তারিখ অনুযায়ী স্বাক্ষরপত্রের যথাস্থানে অবশ্যই স্বাক্ষর গ্রহণ করিতে হইবে।

৪। টাইপ লিখন ব্যবহারিক পরীক্ষার জন্য পরীক্ষার্থিগণ ইচ্ছা করিলে পরীক্ষা কক্ষে তাহাদের নিজস্ব টাইপ লিখন যন্ত্র ব্যবহার করিতে পারিবে।

৫। সঙ্গীত বিষয়ের ব্যবহারিক পরীক্ষা ১৯৮৮ সনের ৯-৪-৮৮ তারিখ রোজ শনিবার সকাল ১১ ঘটিকা হইতে কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড অফিস ভবনে অনুষ্ঠিত হইবে। পরীক্ষার্থিগণকে তাহাদের সঙ্গে নিজ নিজ প্রবেশপত্র এবং বাদ্যযন্ত্র যথা সেতার অথবা বেহালা অথবা এস্রাজ অথবা দিলরুবা আনিতে হইবে। তবে হারমোনিয়াম বা তবলা আনা নিষ্প্রয়োজন। প্রত্যেক পরীক্ষার্থীকে সনাক্ত করিবার জন্য স্ব স্ব বিদ্যালয় হইতে প্রধান শিক্ষক/শিক্ষয়িত্রী অথবা প্রাধিকার প্রাপ্ত তাহার বিদ্যালয়ের কোন শিক্ষক বা শিক্ষয়িত্রীকে বোর্ডে ঐ তারিখ সকাল ১১ ঘটিকার পূর্বে হাজির থাকিতে হইবে।

৬। প্রধান শিক্ষক/শিক্ষয়িত্রীগণ স্ব স্ব বিদ্যালয়ের পরীক্ষার্থিগণের (মান উন্নয়ন পরীক্ষার্থীসহ) প্রবেশপত্রসমূহ সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সচিবের নিকট হইতে কেন্দ্র ফি প্রদান করিয়া সংগ্রহ করিবেন।

৭। প্রাইভেট পরীক্ষার্থিগণকে সরাসরি সংশ্লিষ্ট কেন্দ্রের সচিবের নিকট হইতে কেন্দ্র ফি প্রদানপূর্বক স্ব স্ব প্রবেশপত্র সংগ্রহ করিতে হইবে।

আমজাদ আলী খান,
পরীক্ষা নিয়ন্ত্রক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
কুমিল্লা।

ডিএফপি(স)—১৬৬২(১)২/৮
বিজ্ঞ—৬০০